# Times Today BD

ডেস্ক রিপোর্ট | আন্তর্জাতিক | 15 April, 2025

ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের হুগলি জেলায় পানি তুলতে গিয়ে একটি কূপে পড়ে যান শোভারানি বন্দ্যোপাধ্যায় নামের ৮৫ বছর বয়সি এক বৃদ্ধা।দীর্ঘ সময় ধরে পানিতে ভাসতে থাকেন তিনি।দমকল কর্মীরা তাকে জীবিত উদ্ধার করে হাসপাতালে ভর্তি করান।হাসপাতালে জ্ঞান ফেরার পর ওই বৃদ্ধা বলেন, 'চা খাব।

গত শনিবার সকালে ঘটনাটি ঘটে হুগলির পাণ্ডুয়া উপজেলার বৈঁচীগ্রাম দক্ষিণপাড়ায়।

জানা যায়, স্থানীয় বাসিন্দা শোভারানি বন্দ্যোপাধ্যায় স্বামীর মৃত্যুর পর একা থাকতেন।তার একমাত্র ছেলে থাকেন কলকাতায়।প্রতিবেশী বর্ণালী বন্দ্যোপাধ্যায় প্রতিদিন তার খোঁজখবর নেন ও খাবার দিয়ে যান।শনিবার সকালে বর্ণালী শোভারানির বাসায় গিয়ে তাকে না পেয়ে খুঁজতে থাকেন। একপর্যায়ে বাড়ির পেছনে থাকা একটি পুরোনো কূপে তাকিয়ে দেখেন, পানিতে পড়ে আছেন শোভারানি।সঙ্গে সঙ্গে স্থানীয়দের ডাকেন এবং খবর দেওয়া হয় পুলিশ ও দমকল বিভাগে।

খবর পেয়ে পাণ্ডুয়া থানা ও বৈঁচী পুলিশ ফাঁড়ি থেকে পুলিশ এবং দমকল কর্মীরা ঘটনাস্থলে পৌঁছান। কূপে মই নামিয়ে দমকলকর্মীরা তাকে ওপরে তোলেন। তাৎক্ষণিকভাবে চুঁচুড়া ইমামবাড়া হাসপাতালে নিয়ে যাওয়া হয় তাকে।

হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর জ্ঞান ফিরে এলে নার্সদের দিকে তাকিয়ে শোভারানি বলেন, 'চা খাব। এই বাক্য শুনে হাসপাতালে উপস্থিত সবাই কিছুটা হেসে ফেলেন।আশপাশের

মানুষজনও স্বস্তির নিশ্বাস ফেলেন।

প্রতিবেশীরা বলছেন, “এত বয়সে, এতক্ষণ জলে পড়ে থেকেও জীবিত থাকা একটা অলৌকিক ঘটনা।আমরা সবাই ওনার সুস্থতা কামনা করছি।”

পশ্চিমবঙ্গ হাসপাতাল বৃদ্ধা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 13:10

URL: https://www.timestodaybd.com/international/802775807